তারিখ ···10 MAY 2016···
পৃষ্ঠা ··· ৫ ··· কলাম ৪ ··· ······

সমকাল

# এমপিওভুক্ত শিক্ষকদের বকেয়া ব্যাংকে গেছে

■ সমকাল প্রতিবেদক

নতুন অষ্টম বেতন স্কেল অনুযায়ী এপ্রিল মাসের সঙ্গে আরও আট মাসের বকেয়া বেতন-ভাতা পেতে যাচ্ছেন সারাদেশের ২৬ হাজার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত পৌনে ৫ লাখ শিক্ষক-কর্মচারী। আগামী ১৫ মে পর্যন্ত শিক্ষক-কর্মচারীরা তাদের নিজ নিজ ব্যাংকের হিসাব নম্বরের মাধ্যমে বেতন-ভাতার টাকা তুলতে পারবেন। গতকাল সোমবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) উপপরিচালক (প্রশাসন) শফিকুল ইসলাম সিদ্দিকীর পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।